জানুয়ারী 2026

প্রিয় পরিবারবর্গ,

একজন অভিবাসী হবার সুবাদে আমি জানি অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের কাছে আমাদের স্কুলের কমিউনিটিগুলো কতটা অপরিহার্য—এবং আমাদের স্কুলগুলোতে আমাদের অভিবাসী শিক্ষার্থী ও পরিবারেরা কতটা অবদান রাখে।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS) অভিবাসনের অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) যাই হোক না কেন আমরা প্রতিটি শিক্ষার্থী ও পরিবারকে একটি কঠোর, অন্তর্ভুক্তিমূলক, এবং সহায়ক শিক্ষা প্রদান করি।

স্মরণ করিয়ে দিচ্ছি যে, আইন দ্বারা বাধ্যতামূলক না হলে কোনও অ-স্থানীয় আইন প্রয়োগকারীকে NYCPS শিক্ষার্থী, স্কুল প্রাঙ্গণ, অথবা রেকর্ড দেখতে দেয়া **হয় না**, এবং তা করা হয় শুধুমাত্র NYCPS-এর আইনজীবিদের সাথে পরামর্শ করার পর।

নিউ ইয়র্ক সিটিতে আমাদের স্কুলগুলো আমাদের শিক্ষার্থীদের জন্য নিরাপদ স্থান। যদি কোনও শিক্ষার্থী অথবা পরিবারের অভিবাসন সংক্রান্ত ঘটনা নিয়ে কোনও প্রশ্ন কিংবা উদ্বেগ থাকলে, আমরা যথাযথ সহায়তার সাথে সংযুক্ত হতে তাদের স্কুলের প্রিন্সিপালের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

এছাড়াও, আমাদের প্রজেক্ট ওপেন আর্মস্ উদ্যোগের মাধ্যমে আমাদের স্টাফ ও পরিবারদের জন্য বহু তথ্য সংস্থান লভ্য রয়েছে, যা অভিবাসন শিক্ষার্থী ও তাদের পরিবারদের সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য, schools.nyc.gov/ProjectOpenArms দেখুন।

অতিরিক্তভাবে, NYCPS অব্যাহতভাবে মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স-এর (MOIA) সাথে অংশীদারিত্ব করে। আমরা পরিবারদেরকে MOIA লিগ্যাল সাপোর্ট হটলাইন (আইনগত সহায়তার ফোন নম্বর) 1-800-354-0365 ব্যবহার করতে অথবা আরও জানতে nyc.gov/immigrants দেখতে উৎসাহিত করছি।

আপনার চ্যান্সেলর হিসেবে, আমি শিক্ষার্থী ও পরিবারদের জন্য আমাদের স্কুলগুলোকে নিরাপদ এবং অন্তর্ভুক্তিমূলক স্থান হিসেবে বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels), চ্যান্সেলর